

**অনাবৃষ্টিজনিত কারণে পানীয়জলের কিছু উৎসে জলের অপতুলতা
প্রজ্ঞাভবনে পানীয়জল ও স্বাস্থ্যবিধান সচিবের সভাপতিত্বে বৈঠক**

বর্তমান সময়ে মুখ্যত প্রাকৃতিক অনাবৃষ্টিজনিত কারণে যে অতিরিক্ত তাপপ্রবাহের সৃষ্টি হয়েছে তাতে পানীয়জলের কিছু উৎসে জলের অপতুলতার জন্য প্রয়োজনীয় পানীয়জল সরবরাহ বিঘ্নিত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। এই পরিস্থিতিতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য আজ আগরতলার প্রজ্ঞাভবনে পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের উদ্যোগে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন দপ্তরের সচিব অভিষেক সিং। তাছাড়াও উপস্থিত ছিলেন পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের মুখ্য বাস্তুকার, অতিরিক্ত মুখ্য বাস্তুকার, তত্ত্বাবধায়ক বাস্তুকার ও বিভিন্ন জেলার নির্বাহী বাস্তুকারগণ এবং টিএসইসিএল ও ট্রেডার আধিকারিকগণ। বৈঠকে সচিব অভিষেক সিং বর্তমান পরিস্থিতিতে দপ্তরের বাস্তুকারদের দৃষ্টি আকর্ষণ করে বলেন, জলজীবন মিশন প্রকল্পে পানীয়জল সরবরাহ প্রকল্পগুলির উপযুক্ত রক্ষণাবেক্ষণের মাধ্যমে চালু রাখার উদ্যোগ নিতে হবে। তাছাড়াও নির্মীয়মান প্রকল্পগুলি অতি দ্রুত বাস্তবায়নে বিশেষ গুরুত্ব দিয়ে পদক্ষেপ নিতে হবে। যে সমস্ত এলাকায় এখনও জলজীবন মিশন প্রকল্পের আওতায় জল সরবরাহ প্রকল্প বাস্তবায়িত করা হয়নি এই সমস্ত এলাকা ও পানীয়জলের চাহিদাভিত্তিক অতি সংবেদনশীল বসতিগুলিতে ট্যাংকারের মাধ্যমে পর্যাপ্ত পানীয়জল সরবরাহের জন্য সক্রিয় উদ্যোগ নিতে হবে।

আজ এক প্রেস রিলিজে পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের মুখ্য বাস্তুকার এই সংবাদ জানিয়ে বলেন, ভুক্তভোগী জনসাধারণকে প্রচলিত হেল্পলাইন টোল ফ্রি নম্বর ১৯০৫-তে ফোন করে বা নিকটবর্তী পানীয়জল ও স্বাস্থ্যবিধান কার্যালয়ে যোগাযোগ করার জন্য। প্রেস রিলিজে জানানো হয়েছে এখন পর্যন্ত রাজ্যে পানীয়জলের পর্যাপ্ত সরবরাহের অপতুলতার সম্মুখীন হয়েছে এমন ৩১৩টি অতি সংবেদনশীল বসতি চিহ্নিত করা হয়েছে। এই বসতিগুলিতে ১৩৫টি ট্যাংকারের মাধ্যমে পর্যাপ্ত পরিমাণে পানীয়জল সরবরাহ করা হচ্ছে। প্রয়োজনে ট্যাংকারের মাধ্যমে পানীয়জল সরবরাহ বৃদ্ধি করা হবে। উল্লেখ্য, পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের নির্বাহী বাস্তুকারগণকে নির্দেশ দেওয়া হয়েছে প্রতিটি পানীয়জলের উৎস নিয়মিতভাবে জীবাণু নির্ণায়ক পরীক্ষার মাধ্যমে জীবাণুমুক্তকরণ ও নিরাপদ পানীয়জল সরবরাহের ব্যবস্থা গ্রহণে অগ্রণী ভূমিকা নিতে হবে। কোনও প্রকার জলবাহিত রোগের প্রাদুর্ভাব দেখা দিলে তা তৎক্ষণাত্ সংশ্লিষ্ট এলাকায় পানীয়জল ও স্বাস্থ্যবিধান কার্যালয়কে অবগত করার জন্য অনুরোধ করা হয়েছে। তাছাড়াও পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তর কর্তৃক বিকল্প ব্যবস্থা নেওয়ার সাপেক্ষে পানীয়জল অন্ততপক্ষে ৩০ মিনিট ফুটিয়ে পান করার অনুরোধ জানানো হচ্ছে। বৈঠকে পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তর কর্তৃক নির্মিত কিন্তু বিদ্যুৎ সরবরাহজনিত কারণে অপেক্ষমান জল সরবরাহ প্রকল্পগুলিতে দ্রুত বৈদ্যুতিক সংযোগ দেওয়ার জন্য টিএসইসিএল এবং ট্রেডার আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে।